কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা, ঢাকা
(সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ)
ওয়েব সাইট: www.badc.gov.bd

স্মারক নং- ১২.২০৫.০০৬.০০.০০.২৭২.২০১৬-৩৮৭   তারিখ: ২০ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

বিগত ১৫/১২/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সংস্থার ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ০২ (দুই) পাতা।

২০/১২/১৬
(মোঃ আবুল কালাম আজাদ)
যুগ্মসচিব (সওব্য)
ও
সদস্য সচিব,
ইনোভেশন কমিটি
বিএডিসি, ঢাকা।

বিতরণ:

১। .... বিএডিসি, ঢাকা।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৩। আইসিটি সেল ইনচার্জ, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। সদস্য পরিচালক (অর্থ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৫। অফিস কপি।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

১৫ ডিসেম্বর, ২০১৬ তারিখে সংস্থার ইনোভেশন কমিটি এবং নাগরিক সেবায় উদ্ভাবনী পাইলট উদ্যোগের সহিত সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের সদস্যদের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভার সভাপতিঃ মোহাম্মদ মাহফুজুল হক, সদস্য পরিচালক (অর্থ) ও ইনোভেশন অফিসার, বিএডিসি, ঢাকা।
সভার তারিখ ও সময়ঃ ১৫ ডিসেম্বর ২০১৬, বেলা ১১.০০ ঘটিকা।
সভার স্থানঃ সদস্য পরিচালক (অর্থ) মহোদয়ের অফিস কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য-সচিব জনাব মোঃ আবুল কালাম আজাদ, যুগ্মসচিব (সওব্য) সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভার শুরুতে বিগত ১৪ নভেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর বিষয়ে সকল সদস্যের মতামত গ্রহণ করা হয়। বিগত ১৪ নভেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর বিষয়ে সকল সদস্য একমত পোষণ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়।

২। ১৪ নভেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ও অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র:নং	আলোচিত বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/কর্তৃপক্ষ
০১.	**ই-সেবার মাধ্যমে সেচযন্ত্রের লাইসেন্স প্রদান/নবায়ন প্রক্রিয়ার সহজীকরণঃ** সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ১৫ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে ক্ষুদ্রসেচ উইং এর কোন প্রকল্প হতে পাইলটিং কার্যক্রমের প্রয়োজনীয় সফটওয়ার তৈরীর ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত ছিল। সংশ্লিষ্ট গাইবান্ধা জোনের সহকারী প্রকৌশলী জনাব মোঃ আলী আশরাফ জানিয়েছেন যে, তিনি সফটওয়ার তৈরীর জন্য কোন আর্থিক বরাদ্দ ও কম্পিউটার সরবরাহ পাননি। তাই পূর্বের ন্যায় কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয় যে, সফটওয়ার তৈরীর জন্য অর্থ বরাদ্দ ও কম্পিউটার সরবরাহ প্রদানের নিমিত্ত পত্রের মাধ্যমে প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) কে পত্র প্রদান করা হয় এবং ব্যক্তিগতভাবে যোগাযোগ করা হয়। তবে অর্থ বরাদ্দ পাওয়া যায়নি।	ক) সফটওয়ার তৈরী ও আনুসাংগিক কাজের জন্য অর্থ বরাদ্দ ও কম্পিউটার সরবরাহ প্রদানের নিমিত্ত পত্রের মাধ্যমে প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) কে অনুরোধ জানিয়ে পুনরায় পত্র প্রদান করতে হবে। খ) সফটওয়ার তৈরী না হওয়া পর্যন্ত পূর্বের ন্যায় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	ক) প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা খ) যুগ্মসচিব (সওব্য), বিএডিসি, ঢাকা। গ) জনাব মোঃ আলী আশরাফ, সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, গাইবান্ধা জোন।
০২.	**ডিজিটাল পদ্ধতির (ই-সেবার) মাধ্যমে কৃষকদের নিকট বিএডিসি'র মান সম্পন্ন বীজ সরবরাহঃ** সভায় উপস্থিত জনাব আবু রায়হান মোঃ তারিক, ব্যবস্থাপক (বীবি) সভাকে অবহিত করেন যে, বিএডিসির বিদ্যমান সফটওয়ারের মাধ্যমে বীজ বিতরণ সম্পর্কিত সকল তথ্য নিয়মিত হালনাগাদ করনের কার্যক্রম প্রায় সম্পন্ন হয়েছে। তবে হালনাগাদ করণ কাজে অভিজ্ঞতার অভাবে কতিপয় সমস্যা দেখা দেয়ায় মাঠ পর্যায়ের কর্মকর্তাদের আরও প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন।	ডিজিটাল পদ্ধতির (ই-সেবার) মাধ্যমে কৃষকদের নিকট বিএডিসি'র মান সম্পন্ন বীজ সরবরাহ নিশ্চিত করণের নিমিত্তে বীজ বিতরণ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদ করণ নিশ্চিত করতে হবে। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের বীজ বিতরণ বিভাগের মাধ্যমে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। জনাব আবুল কালাম আজাদ, ব্যবস্থাপক (বীপ্রস) বিএডিসি, ঢাকা বর্ণিত প্রশিক্ষণ প্রদানে সহযোগিতা প্রদান করবেন।	ক) অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি, ঢাকা। খ) জনাব আবুল কালাম আজাদ, ব্যবস্থাপক (বীপ্রস) বিএডিসি, ঢাকা

০৩.	**স্বল্প সেচে অধিক ফসল উৎপাদনে কৃষকদের সেচ বিদ্যালয়ঃ** সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, সর্বমোট ০৫ (পাঁচ) টি ইউনিয়নে পাইলটিং সম্পন্ন করা এবং প্রশিক্ষণ গ্রহণকারী কৃষকদের তালিকা এবং মোবাইল নম্বর সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত ছিল। বর্ণিত বিষয়ে জনাব হুসাইন মোহাম্মদ খালেদুজ্জামান, সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, নীলফামারী জোন অগ্রগতি প্রতিবেদনে জানিয়েছেন যে, নভেম্বর ২০১৬ মাস পর্যন্ত জেলার ৪টি ইউনিয়নের ৬৫০জন কৃষকের মধ্যে সেচ বিদ্যালয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। লক্ষ্যমাত্রা পুরণে আরও একটি ইউনিয়নে সেচ বিদ্যালয়ের কার্যক্রম পরিচালনা করা হবে। উক্ত কাজে কোন আর্থিক বরাদ্দ না থাকায় সার্বিক কার্যক্রম কিছুটা ব্যাহত হচ্ছে। এছাড়া আগামী বোরো মৌসুমে উক্ত বিদ্যালয় এর কার্যক্রম বৃদ্ধি ও ফলাফল মনিটর করা হবে।	স্বল্প সেচে অধিক ফসল উৎপাদনে কৃষকদের সেচ বিদ্যালয় প্রতিষ্ঠায় প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের জন্য প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) কে পত্র প্রদান করতে হবে। সেচ বিদ্যালয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	ক) প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, ঢাকা। খ) জনাব হুসাইন মোহাম্মদ খালেদুজ্জামান, সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, নীলফামারী জোন।
০৪.	**জলবায়ু পরিবর্তনের ঝুকি মোকাবেলায় কৃষক পর্যায়ে নিরাপদ সেচ সুবিধা প্রদানঃ** সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, কৃষকদের তালিকা তৈরি এবং অন্যান্য প্রস্তুতি সম্পন্ন করে আগামী বোর মৌসুমে কৃষক পর্যায়ে এই প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত ছিল। জনাব নূর মোহাম্মদ, সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, শেরপুর সভাকে অবহিত করেন যে, কৃষকদের তালিকা তৈরি সম্পন্ন হয়েছে। বোরো মৌসুমে প্রশক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।	ইতিমধ্যে গ্রহীত কার্যক্রম ও প্রশিক্ষণ আয়োজনের প্রস্তুতির বিষয়ে লিখিত প্রতিবেদন প্রদান করতে হবে। যথাসময়ে প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে।	জনাব নূর মোহাম্মদ, সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, শেরপুর।
০৫.	**অগ্রাধিকার ভিত্তিতে ৫টি গুরুত্বপূর্ণ সেবা চিহ্নিতকরণ ও সহজীকরণঃ** সংস্থার সেবা গ্রহীতার সংখ্যা বিবেচনা করে অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত ৫টি গুরুত্বপূর্ণ সেবা সহজীকরণের জন্য গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয় যে, অগ্রাধিকার ভিত্তিতে নিমণবর্ণিত ৫টি সেবা চিহ্নিত করা হয়েছে: ক) ডিজিটাল পদ্ধতিতে Ground Water Level Data সংগ্রহ ও সরবরাহ ; খ) দানা শস্য বীজ (ধান, গম ও ভুট্টা) উৎপাদন ও সংগ্রহ সংক্রান্ত যাবতীয় তথ্য বিএডিসির ওয়েবসাইটে সরাসরি প্রদর্শন; গ) অনলাইনে চাকরির আবেদনপত্র গ্রহণ; ঘ) মাঠপর্যায়ে সকল কর্মকর্তা/কর্মচারীর বেতনভাতাদি নগদে পরিশোধের পরিবর্তে ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ এবং ঙ) সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীর আনুতোষিক ৯০দিনের পরিবর্তে ৮০ দিনের মধ্যে পরিশোধ করা। বর্ণিত ০৫টি সেবার মধ্যে Ground Water Level Data এর লিংক ইতোমধ্যে ওয়েবসাইটে প্রদান করা হয়েছে এবং হালনাগাদকরণের কাজ চলমান রয়েছে। দানা শস্য বীজ (ধান, গম ও ভুট্টা) উৎপাদন ও সংগ্রহ সংক্রান্ত যাবতীয় তথ্য বিএডিসির ওয়েবসাইটে সরাসরি প্রদর্শনের জন্য ইতোমধ্যে লিংক প্রদান করা হয়েছে এবং নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। অনলাইনে চাকরির আবেদনপত্র গ্রহণের বিষয়ে নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে কার্যক্রম গ্রহন করা হয়েছে এবং আগামী নিয়োগের আবেদন অনলাইনের মাধ্যমে আহবান করা হবে। মাঠপর্যায়ে সকল কর্মকর্তা/কর্মচারীর বেতনভাতাদি নগদে পরিশোধের পরিবর্তে ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধের কার্যক্রম হিসাব বিভাগের মাধ্যমে গ্রহণ করা হয়েছে। তাছাড়া সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীর আনুতোষিক ৯০দিনের পরিবর্তে ৮০ দিনের মধ্যে পরিশোধের কার্যক্রম সংস্থাপন বিভাগ থেকে নেয়া হয়েছে।	সহজীকরণকৃত বর্ণিত ৫টি সেবা প্রদান নিশ্চিত করণের জন্য সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। মোঃ জান্নাতুল মিয়া, উপ-প্রধান, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা ক-গ ক্রমিকের ৩টি সেবা বাস্তবায়নের কাজ নিয়মিত মনিটর করবেন।	ক) প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা। খ) অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি, ঢাকা। গ) যুগ্ম-সচিব, নিয়োগ ও কল্যাণ বিভাগ। ঘ) হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা। ঙ) যুগ্ম-সচিব, সংস্থাপন বিভাগ। চ) মোঃ জান্নাতুল মিয়া, উপ-প্রধান, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা।

০৬.	**ই-সেবা ও ই-ফাইলিং কার্যক্রমঃ** কর্মপরিকল্পনা অনুযায়ী সংস্থার বিভিন্ন বিভাগ/শাখার ফাইল সমূহ ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তি শুরুর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে জনাব মোঃ জান্নাতুল মিয়া সভাকে অবহিত করেন যে, সংস্থার চেয়ারম্যান দপ্তর এবং আইসিটি সেল, মনিটরিং বিভাগকে পাইলট হিসেবে ধরে ইতোমধ্যে এ দুই দপ্তরে ই-ফাইল ব্যবস্থাপনা সিস্টেম চালু করা হয়েছে। প্রশাসন উইং এর আওতাধীন ০৫টি বিভাগে ই-ফাইলিং চালুর জন্য দ্রুত প্রশিক্ষণ প্রদান করা হলে এ মাসের মধ্যে ই-ফাইলিং কার্যক্রম শুরু করা যাবে। বাজেট বরাদ্দ না পাওয়ায় প্রশিক্ষণ প্রদান বিলম্ব হচ্ছে।	ক) দ্রুত বাজেট বরাদ্দ প্রদান করে প্রশাসন উইং এর আওতাধীন ০৫টি বিভাগে ই-ফাইলিং চালুর কার্যক্রম গ্রহণ করতে হবে।	ক) মহাব্যবস্থাপক (অর্থ) বিএডিসি, ঢাকা। খ) জনাব মোঃ জান্নাতুল মিয়া, উপ-প্রধান, মনিটরিং বিভাগ ও সদস্য ই-ফাইল ব্যবস্থাপনা কমিটি।
০৭.	**উদ্ভাবনী ধারণা গ্রহণঃ** বিএডিসির সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারনা প্রাপ্তির উদ্দেশ্যে স্থাপনকৃত ইনোভেশন বক্সে কোন আইডিয়া পাওয়া যায়নি মর্মে জনাব মো: আবুল কালাম আজাদ, যুগ্মসচিব (সওব্য), সভাকে অবহিত করেন। উদ্ভাবনী ধারণা না পাওয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উদ্ভাবনী ধারণা প্রাপ্তির উদ্দেশ্যে ইনোভেশন বক্সে আইডিয়া প্রদানের বিষয়টি কৃষি সমাচারে প্রচারের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। ঢাকা মহানগরীতে ছাদের পানির সংরক্ষণ ও ব্যবহারের বিষয়ে আইডিয়া প্রদানের জন্য জনাব মো: লুৎফর রহমান, উপপ্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) ঢাকা এর পরিবর্তে জনাব সৈয়দ ওয়াহিদ মুরাদ সহকারী প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় অবহিত করা হয়।	ক) বিএডিসির সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা প্রাপ্তির উদ্দেশ্যে সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগে স্থাপনকৃত ইনোভেশন বক্সে আইডিয়া গ্রহণের বিষয়টি কৃষি সমাচারের মাধ্যমে নিয়মিত প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জনসংযোগ কর্মকর্তা বিএডিসি, ঢাকা।
০৮.	**উদ্ভাবনী সহায়ক পরিবেশ সৃষ্টিঃ** জনাব মোঃ জান্নাতুল মিয়া, উপ-প্রধান, মনিটরিং বিভাগ, বিএডিসি ঢাকা সভাকে অবহিত করেন যে, অনলাইনে আইডিয়া প্রদান করার জন্য সৃষ্ট ই-মেইল innovationidea@ badc.gov.bd এবং সামাজিক যোগাযোগ মাধ্যম Facebook এ সৃষ্ট গ্রুপ বিএডিসি ভাবনা (BADC Vhabna) চালু করা হয়েছে। ফেসবুক গ্রুপে (BADC Vhabna) প্রাপ্ত আইডিয়া মোতাবেক ছাদের পানির সংরক্ষণ ও ব্যবহারের বিষয়ে বিগত সভায় আলোচনা হয়। বর্ণিত আইডিয়া বিষয়ে জনাব সৈয়দ ওয়াহিদ মুরাদ সহকারী প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা পূর্ণাঙ্গ ধারণা (আইডিয়া) সম্বলিত একটি লিখিত প্রস্তাব পরবর্তী সভায় উপস্থাপন করার বিষয়ে জানান।	অনলাইনে আইডিয়া প্রদান করার জন্য সৃষ্ট ই-মেইল এবং সামাজিক যোগাযোগ মাধ্যম Facebook এ সৃষ্ট গ্রুপ বিএডিসি ভাবনা এবং Facebook Page 'BADC' তে প্রাপ্ত আইডিয়াসমূহ বিশ্লেষণের জন্য প্রতি মাসের কমিটির নিকট উপস্থাপন করতে হবে। ছাদের পানির সংরক্ষণ ও ব্যবহারের বিষয়ে জনাব সৈয়দ ওয়াহিদ মুরাদ সহকারী প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা এর নিকট থেকে পূর্ণাঙ্গ ধারণা (আইডিয়া) সম্বলিত একটি লিখিত প্রস্তাব সংগ্রহ করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	ক) মোঃ জান্নাতুল মিয়া, উপ-প্রধান, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা। খ) যুগ্ম সচিব (সওব্য) বিএডিসি, ঢাকা। গ) জনাব সৈয়দ ওয়াহিদ মুরাদ, সহকারী প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা
০৯.	**উদ্ভাবনী দক্ষতা/সক্ষমতা বৃদ্ধির নিমিত্ত সেমিনার/ প্রশিক্ষণের ব্যবস্থাঃ** উদ্ভাবনী দক্ষতা/সক্ষমতা বৃদ্ধির নিমিত্ত সেমিনার/ প্রশিক্ষণের ব্যবস্থা করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় অবহিত করা হয় যে, এ বিষয়ে অদ্যকার সভার পরে সদস্য পরিচালক (অর্থ) মহোদয়ের মাধ্যমে ইনোভেশন কমিটির সদস্য ও সভায় উপস্থিত অন্যান্যদের জন্য প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। তাছাড়া প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই (a2i) প্রোগ্রাম এবং কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার মাধ্যমে প্রশিক্ষণের জন্য অর্থ সংস্থানের বিষয়ে মহাব্যবস্থাপক (বীজ) কে পত্র দেয়া হয়। অর্থ সংস্থানের বিষয়ে লিখিত কোন অগ্রগতি পাওয়া যায়নি। তবে ডাল ও তৈলবীজ বিভাগের ট্রেনিং খাত হতে অর্থের সংস্থান করা যাবে মর্মে মৌখিকভাবে জানানো হয়।	বর্তমান পুঞ্জিকাবর্ষের মধ্যে কর্মপরিকল্পনা মোতাবেক প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। প্রয়োজনে সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগের মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।	ক) মহাব্যবস্থাপক (বীজ) বিএডিসি, ঢাকা। খ) যুগ্মসচিব (সওব্য) বিএডিসি, ঢাকা। গ) যুগ্ম-সচিব (নিয়োগ ও কল্যাণ) বিএডিসি, ঢাকা।

১০.	**দাপ্তরিক কাজে সোশ্যাল মিডিয়ার ব্যবহারঃ** দাপ্তরিক কাজে সোশ্যাল মিডিয়ার ব্যবহার হিসেবে Facebook এ সৃষ্ট গ্রুপ বিএডিসি ভাবনা (BADC Vhabna) এবং অনলাইনে আইডিয়া প্রদান করার জন্য সৃষ্ট ই-মেইল innovationidea@badc.gov.bd এর মাধ্যমে আইডিয়া আদান-প্রদানের বিষয়ে সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীকে আরও সচেতন করা এবং বিএডিসি'র Facebook এ সৃষ্ট গ্রুপ বিএডিসি ভাবনা এর সদস্য হওয়ার বিষয়ে জনাব মোঃ জান্নাতুল মিয়া, উপ-প্রধান, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা সভাকে অবহিত করেন যে, এতদসংক্রান্ত বিষয়ে একাধিকবার বিভাগীয় প্রধানগণকে জানানো হয়েছে।	দাপ্তরিক কাজে সোশ্যাল মিডিয়ার ব্যবহার হিসেবে Facebook এ সৃষ্ট গ্রুপ বিএডিসি ভাবনা (BADC Vhabna) এবং অনলাইনে আইডিয়া প্রদান করার জন্য সৃষ্ট ই-মেইল innovationidea@badc.gov.bd এর মাধ্যমে আইডিয়া আদান প্রদানের বিষয়ে সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীকে আরও সচেতন করার বিষয়টি অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) জনাব মোঃ জান্নাতুল মিয়া, উপ-প্রধান, মনিটরিং বিভাগ,বিএডিসি, ঢাকা।

৩। বর্তমান সভা ও বিগত ১৪ নভেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের লিখিত অগ্রগতি সংশ্লিষ্ট বিভাগ হতে সংগ্রহ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ মাহফুজুল হক)
সদস্য পরিচালক (অর্থ)
বিএডিসি, ঢাকা
ও
ইনোভেশন অফিসার, বিএডিসি।